



বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী
(৮৬, বিজয়নগর), ঢাকা-১০০০।

www.smfb.gov.bd

স্মারক নং বারাচিঅ/.....২৬/২৪/২৪৩৮

তারিখঃ ২৪/০৩/২০২৪


বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের সচিব পদ হতে পদত্যাগ পত্র গ্রহণ এবং উক্ত প্রতিষ্ঠানের সচিব পদে দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৯/০৯/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের গভর্নিং বডি'র সভাপতি ও সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে ১৮৮-তম গভর্নিং বডি সভার আলোচ্যসূচি ২ এর ২ সিদ্ধান্ত নিম্নরূপ-

সিদ্ধান্তঃ

১. বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ এর সচিব ডা: মো: জাহিদুর রহমানের ২১/০৮/২০২৪ তারিখে দাখিলকৃত চাকুরি হতে পদত্যাগ পত্রটি কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়। তাঁর অভিপ্রায় অনুযায়ী তাকে ২১/০৮/২০২৪ তারিখ (অপরাহ্ন) হতে সচিব পদ থেকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ডা: মো: জাহিদুর রহমানের নিকট বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের কোন আর্থিক লেনদেন/ সম্পদ/ কাগজপত্র থাকলে তা অনুষদে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
২. বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ এর সচিব পদটি শূন্য হওয়ায় অনুষদের উপসচিব ডা. মো: সাইফুল ইসলামকে সচিব পদের ভারপ্রাপ্ত দায়িত্ব প্রদানসহ অনুষদের যাবতীয় আয়ন ও ব্যয়ন কর্মকর্তার ক্ষমতা অর্পণের সিদ্ধান্ত গৃহীত হয়।



(ডা. মোঃ সাইফুল ইসলাম)

সচিব(ভারপ্রাপ্ত)

বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

E-mail: smf.secy@gmail.com

ফোনঃ ০২-২২৩৩৮৪০৪৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. অধ্যক্ষ,মেডিকেল কলেজ,
.....
৫. অধ্যক্ষ, সকল সরকারি/ বেসরকারি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি(আইএইচটি)।
.....
৬. অধ্যক্ষ, সকল সরকারি/ বেসরকারি মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল(ম্যাটস)।
.....
৭. অফিস নথি।